

হিসাববিজ্ঞান
সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড: ১ ৪ ৬

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।।

ক বিভাগ

১.▶ পলাশ এন্টারপ্রাইজের হিসাবরক্ষক বছর শেষে নিম্নোক্ত রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি সরবরাহ করেন—

ক্রমিক নং	হিসাবের নাম	খ: পূ:	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	উত্তোলন ও মূলধন		৩০,০০০	৯২,০০০
২.	অফিস সরঞ্জাম		৫,০০০	
৩.	সুনাম (৩০ বছর)		১৫,০০০	
৪.	দালানকোঠা		৩০,০০০	
৫.	ক্রয় ও বিক্রয়		১,১৫,০০০	১,৬০,০০০
৬.	মজুদ পণ্য ৯১-৭-২০১২)		৪০,০০০	
৭.	ফেরত		৩,০০০	২,০০০
৮.	কারবারি বাট্টা		১,৫০০	১,০০০
৯.	বকেয়া মজুরি			৩,০০০
১০.	১০% বিনিয়োগ		৫৩,৫০০	
১১.	৬% বন্ধকি ঋণ			৩০,০০০
১২.	বিমা সেলামি		২,০০০	
১৩.	বিবিধ দেনাদার ও পাওনাদার		২০,০০০	২৭,০০০
			৩,১৫,০০০	৩,১৫,০০০

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্য ১০,০০০ টাকা যার বাজারমূল্য ১০% কম। ২. মি. পলাশ তার ব্যক্তিগত প্রয়োজনে কারবার থেকে ১,০০০ টাকার পণ্য উত্তোলন করেছেন যা হিসাবভুক্ত হয়নি। ৩. বিমা প্রিমিয়াম ৩০ সেপ্টেম্বর ২০১৩ পর্যন্ত এক বছরের জন্য নেওয়া হয়েছে। ৪. অনাদায়ী পাওনা বাবদ ১,০০০ টাকা অবলোপন কর এবং অবশিষ্ট দেনাদারের ওপর ৫% সন্দেহজনক পাওনা সঞ্চিত, ২% বাট্টা সঞ্চিতের ব্যবস্থা রাখতে হবে।

ক. পলাশ এন্টারপ্রাইজের নিট দেনাদারের পরিমাণ নির্ণয় করো। ২
খ. পলাশ এন্টারপ্রাইজের মোট লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪
গ. পলাশ এন্টারপ্রাইজের নিট লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

২.▶

চৌধুরী এন্টারপ্রাইজ এর রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৩ তারিখের

ক্রমিক নং	হিসাবের নাম	খ: পূ:	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	উত্তোলন ও মূলধন		২৫,০০০	২,০০,০০০
২.	বেতন		২,৩০০	
৩.	মনিহারি		২,৫০০	
৪.	বিমা সেলামি		১,৫০০	
৫.	বিবিধ দেনাদার ও পাওনাদার		২৭,০০০	২১,০০০
৬.	হাতে নগদ		১৮,৫০০	
৭.	কমিশন প্রাপ্তি			৫০০
৮.	প্রাপ্য বিল ও প্রদেয় বিল		২২,০০০	৮,০০০
৯.	স্থায়ী সম্পত্তি		১,৭৮,০০০	
১০.	১০% ঋণ (১-৭-২০১৩)			৫০,০০০
১১.	ভাড়া		২,৭০০	
			<u>২,৭৯,৫০০</u>	<u>২,৭৯,৫০০</u>

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্যের মূল্য ২০,০০০ টাকা। ২. বেতন ১,০০০ টাকা অগ্রিম দেওয়া হয়েছে, পক্ষান্তরে বিমা সেলামি ৫০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে। ৩. এক ত্রৈমাসিক ভাড়া বকেয়া। ৪. বিবিধ দেনাদার ৯০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট দেনাদারের ওপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিত রাখতে হবে। ৫. স্থায়ী সম্পত্তির ওপর ৭% অবচয় ধার্য করো।

- ক. সমন্বয় ৩ এবং ৫ কে সাধারণ জাবদোয় লিপিবদ্ধ করো। ২
- খ. মোট লাভ ৫০০ টাকা ধরে চৌধুরী এন্টারপ্রাইজের বিশদ আয় বিবরণী প্রস্তুত করো। ৪
- গ. চৌধুরী এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

খ বিভাগ

৩.▶ কামরুন নাহার তার ব্যবসায়ের হিসাব বিস্তারিতভাবে সংরক্ষণ করে না। কারণ তিনি একজন ক্ষুদ্র ব্যবসায়ী। নিম্নোক্ত তথ্য তার হিসাব বই হতে সংগ্রহ করা হয়েছে:

বিবরণ	১-১-২০১৬	৩১-১২-২০১৬
হাতে নগদ	১০,০০০	২৫,০০০
ব্যাংক জমা		৮০,০০০
মজুদ পণ্য	২১,০০০	৭০,০০০
আসবাবপত্র	১,০০,০০০	১,০০,০০০
পাওনাদার	৬,০০০	
প্রাপ্য বিল		৪,০০০
যন্ত্রপাতি		৮৫,০০০
বন্ধকি ঋণ	২৩,০০০	১৫,০০০

২০১৬ সালে মালিক ব্যবসায়ের প্রয়োজনে নগদ ৩৮,০০০ টাকা প্রদান করেন।

অপরদিকে তিনি তার ব্যক্তিগত প্রয়োজনে প্রতিমাসে নগদ ২,৫০০ টাকা এবং সর্বমোট ১০,০০০ টাকার পণ্য তুলে নিয়ে যান।

- ক. প্রারম্ভিক মূলধন নির্ণয় করো। ২
- খ. বছর শেষে কামরুন নাহারের সমাপনী মূলধনের পরিমাণ দেখাও। ৪
- গ. কামরুন নাহারের ব্যবসায়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

৪.► জনাব বিকাশ এর ২০১৭ সালের জানুয়ারি মাসের কিছু লেনদেন নিম্নে উপস্থাপন করা হলো:

- জানু ১ টাকা হতে কুমিল্লায় ব্যবসায় স্থানান্তর করার ব্যয় হল ১০,০০০ টাকা।
- " ৮ আসবাবপত্র বিক্রয় করা হল ৮,০০০ টাকা।
- " ১২ পণ্য দ্রব্য ক্রয় করা হল ৮৫,০০০ টাকা।
- " ১৮ ৩ বছরের জন্য বিজ্ঞাপন প্রদান করা হল ১৮,০০০ টাকা।
- " ২১ ব্যাংক হতে ঋণ গ্রহণ করা হল মোট ২৮,০০০ টাকা।
- " ২৪ কম্পিউটার ক্রয় করা হল ৯৫,০০০ টাকা।
- " ২৬ অতিরিক্ত মূলধন বিনিয়োগ করা হল ৯০,০০০ টাকা।
- " ২৮ কম্পিউটার সংস্থাপন খরচ নির্বাহ করা হল ৫,০০০ টাকা।
- " ৩০ পুরাতন ফ্যান বিক্রয় করা হল ২,০০০ টাকা।
- " ৩১ পণ্য বিক্রয় করা হল ১,৮১,০০০ টাকা।
- ক. বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

- খ. মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। 8
- গ. জনাব বিকাশ যদি তার ক্রয় করা কম্পিউটারটি ৯০,০০০ টাকা বিক্রয় করেন দেন তাহলে তার মূলধন জাতীয় প্রাপ্তি এবং মূলধন জাতীয় আয়/ক্ষতির পরিমাণ কত হবে? 8
- ৫.► মিস রুবির ২০১৭ সালের ব্যবসায় প্রতিষ্ঠানের কিছু তথ্য নিম্নে উপস্থাপন করা হলো:
- মার্চ ১ আইন পেশায় নগদ ১,৫০,০০০ টাকা বিনিয়োগ করা হল।
- " ৩ অফিস ভাড়া পরিশোধ করা হল মোট ১৫,০০০ টাকা।
- " ৬ বাকিতে অফিসের জন্য এয়ার কন্ডিশনার ক্রয় করা হলো ৫০,০০০ টাকা।
- " ১০ ক্লাইন্টদের নগদে আইনি সেবা দেয়া হলো ১৫,০০০ টাকা।
- " ১৩ অফিস কর্মচারীর বেতন প্রদান করা হল ১৩,০০০ টাকা।
- " ১৫ ব্যাংক হতে ধরা নেয়া হল ২৫,০০০ টাকা।
- " ১৮ মক্কেলদের বাকিতে আইনি সেবা প্রদান করা হল ১৪,০০০ টাকা।
- " ২৬ এয়ার কন্ডিশনের মূল্য পরিশোধ করা হলো ৪০,০০০ টাকা।
- ক. ক্রয়কৃত এয়ার কন্ডিশনের অপরিশোধিত মূল্যের পরিমাণ নির্ণয় করো। ২
- খ. মাস শেষে মিস রুবির মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় করো। ৪
- গ. ১, ৬, ১৫ এবং ২৬ তারিখের লেনদেনের মাধ্যমে হিসাব সমীকরণের প্রভাব দেখাও বিবরণী ছকের মাধ্যমে। ৪
- ৬.► রাজ অ্যান্ড সন্স ২০১৭ সালের জানুয়ারি মাসের ১ তারিখে নগদ ৩০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। নিম্নে উক্ত মাসের কিছু লেনদেন তুলে ধরা হল:
- জানু. ৫ বাকিতে পণ্য বিক্রয় করা হল ১০,০০০ টাকা।
- " ৯ অনাদায়ী পাওনা ৫০০ টাকা।
- " ২০ ৯,৫০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৮,৮০০ টাকার চেক পাওয়া গেল।
- ক. উপর্যুক্ত ঘটনাগুলো ডেবিট-ক্রেডিট নির্ণয় করো। ২
- খ. চলমান জের ছক পদ্ধতিতে নগদান হিসাব এবং অনাদায়ী পাওনা হিসাব প্রস্তুত করো। ৪
- গ. T ছক পদ্ধতিতে মূলধন হিসাব এবং দেনদার হিসাব তৈরি করো। ৪

৭.► তাসনিন এন্টারপ্রাইজ এর ব্যবসায়ের কিছু তথ্য নিম্নে তুলে ধরা হল:

২০১৭

- মে ১ রকি ট্রেডার্স এর নিকট হতে প্রতিটি ৮০ টাকা করে ৩০টি খাতা ফেরত এসেছে। নোট নম্বর ২৮৫। বাট্টা ১০%।
- " ৮ উর্মি ট্রেডার্স এর নিকট প্রতি ১২০ টাকা দরে ৩৫টি কলম বিক্রয় করা হল। চালান নম্বর ১৩০। বাট্টা ৮%। শর্ত ২/১০; নিট ৩০।
- " ১৩ মধু ট্রেডার্সকে ১০টি ভাঙা জ্যামিতি বক্স ফেরত দেয়া হল যার প্রতিটি ১৫০ টাকা। বাট্টা ৫%। নোট নম্বর ৩০০।
- " ২০ উর্মি ট্রেডার্স হতে ৩৫ টি কলম ফেরত পাওয়া গেছে। নোট নম্বর ৪৮০।
- ক. উপর্যুক্ত তথ্যের আলোকে একটি বিক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করো। ২
- খ. বিক্রয় ফেরত জাবেদার ভিত্তিতে সাধারণ খতিয়ান করো। ৪
- গ. বিক্রয় ফেরত জাবেদার আলোকে সহকারী খতিয়ান তৈরি করো। ৪

৮.► ওমর ২০১৭ সালের জানুয়ারি মাসের ১ তারিখে নগদ ৯৫,০০০ টাকা এবং ১,১৫,০০০ টাকার ব্যাংক জমা নিয়ে ব্যবসায় শুরু করেন। নিম্নে উক্ত মাসের কিছু লেনদেন তুলে ধরা হল:

২০১৭

- জানু. ২ মালিক তার নিজ তহবিল হতে একটি ৫০,০০০ টাকা মূল্যের মেশিন ক্রয় করে দেন।
- " ৮ ১০% বাট্টা বাদে ১৫,০০০ টাকা টিউ ট্রেডার্সের নিকট হতে পাওয়া গেল।
- " ১১ ওমর ব্যাংক হতে ১০,০০০ টাকা তুলে নিলেন।
- " ১২ ৮,০০০ টাকা মূল্যের একটি চেক আরবি লি. কে প্রদান করা হল। বাট্টা ছিল ৫%।
- " ১৫ ব্যাংকে জমা দেয়া হল ৭,০০০ টাকা।
- " ১৮ ১২ তারিখের চেকটি প্রত্যাখ্যাত হল।
- " ২৯ ব্যাংক সুদ মঞ্জুর করল ৫০০ টাকা এবং সুদ খরচ ধার্য করার ৩০০ টাকা।
- ক. ২ এবং ১৮ তারিখের জাবেদা দাখিলা দাও। ২
- খ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে নগদ প্রাপ্তি জাবেদা তৈরি করো। ৪
- গ. ওমরের তিনঘরা নগদান বই প্রস্তুত করো। ৪

৯.▶ ঋতু ট্রেডার্স এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে খতিয়ানের উদ্ধৃতসমূহ ছিল নিম্নরূপ:

ব্যাংক ও/ডি (৩১.১২.২০১৬) ৩৪,০০০ টাকা, সুদ প্রাপ্ত ৩,০০০ টাকা, আয়কর ৫,০০০ টাকা, বিমা সেলামি ৮,০০০ টাকা, শিক্ষানবিশ সেলামি ১১,০০০ টাকা, শুল্ক ৭,৬০০ টাকা, বন্ধকি ঋণ ১৫,০০০ টাকা, পাওনা ১৯,০০০ টাকা, ইজারা সম্পদ ২৫,০০০ টাকা, অফিস সাপ্লাইজ ২৯,০০০ টাকা, ইমারত ৩,০০,০০০ টাকা, ব্যবসায়িক ঋণ ৩৩,০০০ টাকা, নগদ অর্থ (১.১.২০১৬) ১,৪৩,০০০ টাকা, প্রাথমিক ব্যাংক আমানত ২,৬০,০০০ টাকা, সাধারণ খরচ ৫০,০০০ টাকা, কারখানা ভাড়া ৫,৭০০ টাকা, বিলম্বিত বিজ্ঞাপন ৮,০০০ টাকা, ক্রয় ৮০,০০০ টাকা, বিক্রয় ১,০০,০০০ টাকা, অবিক্রিত পণ্য (৩১.১২.২০১৬) ৪০,০০০ টাকা।

- ক. রেওয়ামিলে হিসাবভুক্ত হবে না এমন অর্থের পরিমাণ কত? ২
খ. মুনাফা জাতীয় আয় এবং মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪
গ. ঋতু ট্রেডার্স এর রেওয়ামিল প্রস্তুত করো। ৪

১০.▶ ঢাকার শান্ত প্রিন্টার্স ব্রাইট ব্যাংকের প্রধান কার্যালয় হতে ২০১৮ সালের জন্য ৪,০০০টি ডায়েরি প্রস্তুতের অর্ডার পান। উক্ত কাজের জন্য নিম্নোক্ত খরচসমূহ সম্পাদিত হয়।

বিবরণ	টাকা
কাগজ ক্রয়	৫০,০০০
আপ্যায়ন খরচ	১,০০০
কারখানা ভাড়া	৮,০০০
প্রত্যক্ষ মজুরি	১৩,০০০
প্রশাসনিক খরচ	১০,০০০
সূতা, গাম ক্রয়	৪,০০০
কারখানার অন্যান্য খরচ	৩,৮০০
ছাপার কালি ক্রয়	২৭,০০০

প্রতিটি ডায়েরির দরপত্র উদ্ধৃত মূল্য ৩৫ টাকা।

বিল আদায় খরচ দরপত্র উদ্ধৃত মূল্যের ৩%।

- ক. সীমান্ত প্রিন্টার্স এর মুখ্য ব্যয় কত? ২
খ. ডায়েরির উৎপাদন ব্যয় নির্ণয় করো। ৪
গ. শান্ত প্রিন্টার এর প্রতিটি ডায়েরির মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

১১.► ২০১৬ সালের জানুয়ারি মাসের ১ তারিখে ডা. উপমার পারিবারিক অবস্থা ছিল নিম্নরূপ:

দালানকোঠা ১৫,০০,০০০ টাকা, আসবাবপত্র ৮০,০০০ টাকা, ১০% বিনিয়োগ ২৫,০০০ টাকা, তৈজসপত্র ৩৮,০০০ টাকা, নগদ অর্থ ১৩,০০০ টাকা এবং ৮% ব্যাংক ঋণ ১০,০০০ টাকা।

ডা. উপমা

প্রাপ্তি প্রদান হিসাব

২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
নগদ অর্থ	১৩,০০০	খাদ্য সামগ্রী	৪০,০০০
বেতন	৪,০০,০০০	বাজার খরচ	১,০৫,০০০
সুদ প্রাপ্তি	১,২০০	কম্পিউটার ক্রয়	৩৫,০০০
রোগি দেখে প্রাপ্তি	২,৫০,০০০	সংবাদপত্র বিল	৩,০০০
		উপযোগ খরচ	১৮,০০০
		ফিক্সড ডিপোজিট	১,৫৫,০০০
		সমাপনী উদ্ধৃত	৩,০৮,২০০
	<u>৬,৬৪,২০০</u>		<u>৬,৬৪,২০০</u>

অন্যান্য তথ্য : ১. গ্যাস বিল বকেয়া আছে ২,০০০ টাকা। ২. বিনিয়োগের সুদ অনাদায়ী আছে।

- ক. প্রারম্ভিক পারিবারিক তহবিল নির্ণয় করো। ২
খ. ডাক্তার, উপমার আয়-ব্যয় বিবরণী তৈরি করো। ৪
গ. পারিবারিক আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান— ৩০

বিষয় কোড: ১ ৪ ৬

বিশেষ দৃষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।।

১. লেনদেন এর সর্বশেষ আশ্রয়স্থল কোনটি?

- ক) রেওয়ামিল খ) নগদান বই
গ) জাবেদা ঘ) খতিয়ান

২. ধারে পণ্য বিক্রয় করলে হিসাব সমীকরণে কোন কোন উপাদানের পরিবর্তন ঘটে?

- ক) A ও B খ) A ও E
গ) L ও E ঘ) A, L ও E

৩. ৪০,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৩৮,০০০ টাকা পাওয়া গেল। এর সঠিক জাবেদা কোনটি?

- ক) নগদান হিসাব ডেবিট ৩৮,০০০ টাকা
বাট্টা হিসাব ডেবিট ২,০০০ টাকা
দেনাদার হিসাব ক্রেডিট ৪০,০০০ টাকা
খ) নগদান হিসাব ক্রেডিট ৩৮,০০০ টাকা
বাট্টা হিসাব ক্রেডিট ২,০০০ টাকা
পাওনাদার হিসাব ক্রেডিট ৪০,০০০ টাকা
গ) পাওনাদার হিসাব ডেবিট ৪০,০০০ টাকা
বাট্টা হিসাব ক্রেডিট ২,০০০ টাকা
ঘ) দেনাদার হিসাব ডেবিট ৪০,০০০ টাকা
নগদান হিসাব ক্রেডিট ৩৮,০০০ টাকা
বাট্টা হিসাব ক্রেডিট ২,০০০ টাকা

৪. বিনিয়োগের সুদ কোন জাতীয় হিসাব?

- ক) ব্যয় খ) আয়
গ) দায় ঘ) সম্পদ

৫. কোনটি মুনাফা জাতীয় প্রাপ্তি?

- ক) শিক্ষানবিশ সেলামি
খ) সম্পত্তি বিক্রয়লব্ধ অর্থ
গ) ব্যাংক থেকে গৃহিত ঋণ
ঘ) কমিশন

৬. অনাদায়ী পাওনা ধার্য করা হলে নিচের কোনটি হিসাব সমীকরণকে প্রভাবিত করবে?

- ক) A ও L খ) E ও L
গ) A ও E ঘ) A, E ও L

৭. মুনাফা জাতীয় লেনদেন—

- i. স্বল্পমেয়াদি
ii. দীর্ঘমেয়াদি
iii. নিয়মিত সংগঠিত হয়
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. অপরিচালন আয়ের উদাহরণ কোনটি?

- ক) প্রাপ্ত বাট্টা খ) প্রাপ্ত কমিশন
গ) মাল বিক্রয় ঘ) উত্তোলনের সুদ

৯. দায় কত প্রকার?

- ক) ২ খ) ৩
গ) ৪ ঘ) ৫

১০. হিসাব চক্রের ধাপ কয়টি?

- ক) ৭ খ) ৮
গ) ৯ ঘ) ১০

১১. কোটি বিক্রয় উপরিব্যয়?

- ক) বিজ্ঞাপন খ) মনিহারি
গ) কারখানা ভাড়া ঘ) টেলিফোন

উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:
দেনাদার ২০,০০০ টাকা, নতুন কুঞ্চণ ৩,০০০ টাকা, কুঞ্চণ সঞ্চিত ৫% এবং বাট্টা সঞ্চিত ২%।

১২. উপর্যুক্ত ক্ষেত্রে কুঞ্চণ সঞ্চিত পরিমাণ কত?

- ক) ৩৭৫ টাকা খ) ৮৫০ টাকা
গ) ৩২৩ টাকা ঘ) উত্তর নাই।

১৩. উপর্যুক্ত ক্ষেত্রে প্রকৃত দেনাদারের পরিমাণ কত হবে?

- ক) ১৫,৮২৭ টাকা খ) ১৬,১৫০ টাকা
গ) ১৭,০০০ টাকা ঘ) ১৮,০০০ টাকা

১৪. সামিন ট্রেডার্স ১০% বাট্টায় ৩৫,০০০ টাকার পণ্য ক্রয় করল। এটা কোন ধরনের বাট্টা হিসেবে গণ্য হবে?

- ক) বিক্রয় বাট্টা খ) ক্রয় বাট্টা
গ) প্রদত্ত বাট্টা ঘ) প্রাপ্ত বাট্টা

১৫. নিচের কোনটি মূলধন জাতীয় ব্যয়?

- ক) দালানকোঠা ক্রয়
খ) বিমা প্রিমিয়াম প্রদান
গ) বিদ্যুৎ ও টেলিফোন বিল
ঘ) যন্ত্রপাতি অবচয়

১৬. নিচের কোনটি রেওয়ামিলে ডেবিট দিকে বসে?

- ক) প্রাপ্য ভাড়া খ) প্রাপ্ত সুদ
গ) মূলধন ঘ) পাওনাদার

১৭. সমাপনী জাবেদার মাধ্যমে কোন হিসাবটি বন্ধ করা হয়?

- ক) আসবাবপত্র খ) বেতন
গ) মূলধন ঘ) পাওনাদার

১৮. পারিবারিক আয়-ব্যয় বিবরণী থেকে কোনটি নির্ণয় করা হয়?

- ক) নগদ উদ্বৃত্ত খ) ব্যাংক জমাতিরিক্ত
গ) ব্যাংক উদ্বৃত্ত ঘ) আয় উদ্বৃত্ত

১৯. হিসাবের ডেবিট ও ক্রেডিট দিকের পার্থক্য নির্ণয় করাকে কী বলে?

- ক) হিসাব বন্ধকরণ খ) স্থানান্তরকরণ
গ) সমীকরণ ঘ) ব্যালেন্সিং

২০. ১০,০০০ টাকার ধারে ক্রয়কৃত পণ্য লিপিবদ্ধকরণের ক্ষেত্রে নিচের কোনটি ব্যবহৃত হবে?

- ক) ডেবিট নোট খ) ক্রেডিট নোট
গ) ক্রেডিট ভাউচার ঘ) চালান

২১. বিশেষ জাবেদায় অন্তর্ভুক্ত হয়—

- i. নগদে পণ্য ক্রয়
ii. বকেয়া বেতন
iii. বিক্রয় ফেরত

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii
গ) ii ও iii ঘ) উত্তর নাই

২২. নিজের কাজের জন্য তৃতীয় পক্ষের নিকট দায়বদ্ধতাকে কী বলে?

- ক) সততা খ) দায়িত্ববোধ
গ) জবাবদিহিতা ঘ) মূল্যবোধ

২৩. খতিয়ান উদ্বৃত্ত দ্বারা—

- i. হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা যায়
ii. আর্থিক অবস্থা নিরূপণ সহজ হয়
iii. নগদান বই তৈরি করা সহজতর হয়

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. নিচের কোনটি দায় হিসাব?

- ক) বকেয়া আয় খ) অগ্রিম ব্যয়
গ) অগ্রিম আয় ঘ) উত্তর নাই

২৫. দু'তরফা দাখিলা পদ্ধতির বৈশিষ্ট্য কোনটি?

- ক) সামগ্রিক ফলাফল নির্ণয়
খ) আর্থিক অবস্থা নিরূপণ
গ) সঠিক কর নির্ধারণ
ঘ) মোট পাওনা নির্ণয়

২৬. সংশ্লিষ্ট হিসাবখাত ক্রেডিট হয়—

- i. সম্পদ বৃদ্ধি পেলে
ii. মালিকানাধীন বৃদ্ধি পেলে
iii. খরচ হ্রাস পেলে

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. উপভাড়া রেওয়ামিলের কোন দিকে বসে?

- ক) ডেবিট খ) ক্রেডিট
গ) উভয় ঘ) উত্তর নাই

২৮. সাধারণত ৩০% থেকে ৪০% পারিবারিক আয় কোন খাতে ব্যয় করা হয়?

- ক) খাদ্য খ) বস্ত্র
গ) বাসস্থান ঘ) শিক্ষা

২৯. নিচের কোনটি সর্বদা ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে?

- ক) মূলধন খ) পাওনাদার
গ) বকেয়া ভাড়া ঘ) আসবাবপত্র

৩০. হিসাববিজ্ঞানের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?

- ক) সরকার খ) পাওনাদার
গ) ব্যবস্থাপক ঘ) ঋণপ্রদানকারী

১	খ	২	খ	৩	ক	৪	খ	৫	ক	৬	গ	৭	খ	৮	ঘ	৯	ক	১০	ঘ	১১	ক	১২	খ	১৩	ক	১৪	খ	১৫	ক
১৬	ক	১৭	খ	১৮	ঘ	১৯	ঘ	২০	ঘ	২১	ঘ	২২	গ	২৩	ক	২৪	গ	২৫	ক	২৬	গ	২৭	খ	২৮	গ	২৯	ঘ	৩০	গ